# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## বার্ষিক অডিট রিপোর্ট
## ২০১২-১৩

## প্রথম খণ্ড

[অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন

কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর

২০০৯-১০ হতে ২০১১-১২ অর্থ বছরের হিসাব সম্পর্কিত ]

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্র: নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালক এর বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট বিষয়ক তথ্য | | ৩ |
| ৫. | ম্যানেজমেন্ট ইস্যু | | ৩ |
| ৬. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ৪ |
| ৭. | অডিটের সুপারিশ | | ৪ |
| ৮. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ৫ |
| ৯. | দ্বিতীয় অধ্যায় : | | ৭ |
| ১০ | অনুচ্ছেদ নম্বর-১ | গ্রামীণ ফোন লিমিটেড এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | ৯-২২ |
| | অনুচ্ছেদ নম্বর-২ | ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর-৩ | ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-৪ | বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-৫ | প্রাইম ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর-৬ | সানোফি-এভেন্টিস্ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-৭ | হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |

| ক্রঃ নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| | অনুচ্ছেদ নম্বর-৮ | আর,এ,কে সিরামিক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-৯ | নোভার্টিজ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর-১০ | মিচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি । | |
| | অনুচ্ছেদ নম্বর-১১ | জেনারেল ইলেকট্রিকস ম্যানুঃ কোঃ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবেঅনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-১২ | নেস্‌লে বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর-১৩ | অলিম্পিক ইন্ডাষ্ট্রিজ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর-১৪ | প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর রাজস্ব ক্ষতি । | |
| ১১. | মহাপরিচালকের স্বাক্ষর | | ২২ |

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশনস্) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশনস্) (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ......................... বঙ্গাব্দ / খ্রিস্টাব্দ

**মাসুদ আহমেদ**
বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

খ

# মহাপরিচালকের বক্তব্য

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ অর্থ বৎসরের বার্ষিক হিসাবের উপর নিরীক্ষা ২৬ নভেম্বর ২০১২ হতে ২২ জানুয়ারী ২০১৩ সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ১৪টি অনুচ্ছেদের সাথে জড়িত ৪৭৬,০৮,৮৮,৯২২/- (টাকা চারশত ছিয়াত্তর কোটি আট লক্ষ আটাশি হাজার নয়শত বাইশ মাত্র) সম্বলিত আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। ২০/০২/২০১৩ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ১৭/০৪/২০১৩ খ্রি: তারিখে তাগিদপত্র এবং ১১/০৬/২০১৩ খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থার যে সকল আর্থিক অনিয়ম এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উল্লিখিত সময়ের সমস্ত কার্যক্রমের আংশিক প্রতিফলন মাত্র। অর্থাৎ এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলি সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব। মূল রিপোর্টের কলেবর বৃদ্ধি না করে আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক ও বিস্তারিত পরিসংখ্যান (পরিশিষ্টসমূহ) পৃথক একটি খণ্ডে অর্থাৎ দ্বিতীয় খণ্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

মোঃ জাকির হোসেন খোন্দকার
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

তারিখ ঃ ......................... বঙ্গাব্দ / খ্রিস্টাব্দ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট বিষয়ক তথ্য

নিরীক্ষা অর্থ বৎসর — ২০০৯-২০১২।

নিরীক্ষিত প্রতিষ্ঠান — অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ কর কমিশনার, বৃহৎ করদাতা—ইউনিট (LTU Tax) কার্যালয়, ঢাকা।

নিরীক্ষার প্রকৃতি — নিয়মানুসরণ অডিট।

নিরীক্ষার সময় — ২৬ নভেম্বর ২০১২ হতে ২২ জানুয়ারি ২০১৩

নিরীক্ষা কার্য সম্পাদন সংক্রান্ত তথ্যাবলী

নিরীক্ষা পদ্ধতি

- কর নির্ধারণ সংক্রান্ত রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা।

অডিট সম্পাদন

- জনাব মোঃ মাহতাব উদ্দিন, অডিট এন্ড একাউন্টস্ অফিসার।
- জনাব মোঃ আলমগীর হোসাইন, সুপার-ইন-চার্জ।
- জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সুপার-ইন-চার্জ।

অডিট রিপোর্ট প্রণয়নে যারা ছিলেন ঃ

সার্বিক তত্ত্বাবধান — মহাপরিচালক।

ম্যানেজমেন্ট ইস্যু — আলোচ্য প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে :

- বিধি মোতাবেক রেয়াত গ্রহণ করা হয়নি।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ :**

- ক্ষেত্র বিশেষে কাস্টমস এ্যাক্ট ১৯৬৯, আয়কর অধ্যাদেশ ১৯৮৪, মূল্য সংযোজন আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি-বিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

**অডিটের সুপারিশ :**

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনুমোদিত অর্গানোগ্রাম এবং নিয়োগ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | গ্রামীণ ফোন লিমিটেড এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ২৪৯,৩০,৬৪,৫৫৪/- |
| ২. | ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৬১,৭৬,৮৬,০১০/- |
| ৩. | ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ১৯,৯৪,৩৩,৭৫৫/- |
| ৪. | বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ১০,৮৫,৭৮,০৫৫/- |
| ৫. | প্রাইম ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৫৯,২২,২৫,৩৮৪/- |
| ৬. | সানোফি-এভেন্টিস্ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ১৮,৮৯,৪০,৪১৫/- |
| ৭. | হাইডেলবাগ সিমেন্ট বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৭,০১,৫৭,৯৭০/- |
| ৮. | আর,এ,কে সিরামিক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৩০,৩১,১২,৯৭৯/- |
| ৯. | নোভার্টিজ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৩,০১,২৪,৫০৬/- |
| ১০. | মিচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি । | ২,৬৭,১৭,৯৩০/- |
| ১১. | জেনারেল ইলেকট্রিকস ম্যানুঃ কোঃ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৪,৮৬,৫৮,৯৮১/- |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১২. | নেস্‌লে বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি । | ৫,০৮,৮২,৭৬৪/- |
| ১৩. | অলিম্পিক ইন্ডাষ্ট্রিজ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ২,২৪,০৮,৭১৯/- |
| ১৪. | প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর রাজস্ব ক্ষতি । | ৮৮,৯৬,৯০০/- |
| | সর্বমোট= | ৪৭৬,০৮,৮৮,৯২২/- |

# দ্বিতীয় অধ্যায়

(অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং-১

**শিরোনাম** : **গ্রামীণফোন লিমিটেড এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ সর্বমোট ২৪৯,৩০,৬৪,৫৫৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট - আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে গ্রামীণ ফোন লিমিটেড এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ সর্বমোট ২৪৯,৩০,৬৪,৫৫৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ১ (ক-গ) " এ প্রদত্ত হলো।]

**অনিয়মের প্রকৃতি** :

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯/০৬/২০০৮ খ্রিঃ, (২) এসআরও নং-২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ১০/৬/২০১০ খ্রিঃ এর সেবা কোড এস-৩২.০০ এর ক্ষেত্রে কনসাল্টেন্সি (টেকনিক্যাল নো হাউ) খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে।
- দ্বিতীয়ত (১) এসআরও নং-১৯১-আইন/২০০৮/৪৯৩-মূসক তারিখঃ ২৯/০৬/২০০৮ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৩, (২) এসআরও নং-১০৫-আইন/২০০৯/৫১৩-মূসক ,তারিখ ১১/০৬/০৯ খ্রিঃ সেবা কোড এস ০৩৩.০০ অনুযায়ী ইজারাদারের বিপরীতে ১৫% হারে উৎসে ভ্যাট কর্তন করার নির্দেশ রয়েছে। " ইন্টারন্যাশনাল রোমিং" ও "স্পেকটার্ম" খরচটি বাংলাদেশের আকাশ সীমার তরঙ্গ ব্যবহার অনুমতির খরচ, যা ইজারাদার হিসেবে গণ্য।
- কিন্তু গ্রামীণফোন লিমিটেড কর্তৃক "Technical assistance fees (টেকনিক্যাল নো হাউ" এবং "ইন্টারন্যাশনাল রোমিং" ও "স্পেকটার্ম" খাতে দাবীকৃত খরচ উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী অননুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত বিধায় মোট আয়ের সাথে যোগ না করে আয়কর নিরূপন করায় তিন করবর্ষে আয়কর বাবদ সর্বমোট ২৪৯,৩০,৬৪,৫৫৪/- টাকা কম ধার্য করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ খ্রিঃ এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও আইনানুগ কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং উক্ত ব্যবস্থা গ্রহণের প্রেক্ষিতে অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ২৪৯,৩০,৬৪,৫৫৪/- (টাকা দুইশত উনপঞ্চাশ কোটি ত্রিশলক্ষ চৌষট্টি হাজার পাঁচশত চুয়ান্ন) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

## অনুচ্ছেদ নং-২

**শিরোনাম ঃ** **ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৬১,৭৬,৮৬,০১০/-টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ এর ২০০৯-১০ কর বর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৬১,৭৬,৮৬,০১০/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ২ " এ প্রদত্ত হলো। ]

**অনিয়মের প্রকৃতি ঃ**

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯/০৬/২০০৮খ্রিঃ অনুযায়ী সেবা কোড এস-৩২.০০ এর ক্ষেত্রে কনসাল্টেন্সি (টেকনিক্যাল নো হাউ) খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে করধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে।
- দ্বিতীয়ত (১) এসআরও নং-১৯১-আইন/২০০৮/৪৯৩-মূসক, তারিখঃ ২৯/০৬/২০০৮ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৩, (২) এসআরও নং-১০৫-আইন/২০০৯/৫১৩-মূসক ,তারিখ ১১/০৬/০৯ খ্রিঃ সেবা কোড এস ০৩৩.০০ অনুযায়ী ইজারাদারের বিপরীতে ১৫% হারে উৎসে ভ্যাট কর্তন করার নির্দেশ রয়েছে। " ফ্রিকুইন্সি ব্যান্ডউইথ ও "রোমিং চার্জ" খরচটি বাংলাদেশের আকাশ সীমার তরঙ্গ ব্যবহার অনুমতির খরচ, যা ইজারাদার হিসেবে গণ্য। এছাড়া "Lease line charges (লীজ লাইন চার্জ)" খাতের খরচও ইজারাদার হিসেবে গণ্য।
- কিন্তু ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ কর্তৃক "কনসালেন্টন্সি (টেকনিক্যাল নো হাউ)", "ফ্রিকইন্সি ব্যান্ডউইথ, "রোমিং চার্জ" এবং "Lease line charges (লীজ লাইন চার্জ)" খাতে দাবীকৃত খরচ উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ ধারা ৫২ অনুযায়ী উৎসে আয়কর কর্তনযোগ্য। কিন্তু দাবীকৃত খরচের উৎসে ভ্যাট ও আয়কর কর্তন না করায় অননুমোদন যোগ্য খরচকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় ৬১,৭৬,৮৬,০১০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ খ্রিঃ এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিস্পত্তি করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিস্পত্তি করা হবে বলে জানালেও উক্ত কার্যক্রমের প্রেক্ষিতে ওরাসকম টেলিকম বাংলাদেশ লিঃ এর কাছে থেকে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিস্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিস্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ ঃ** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৬১,৭৬,৮৬,০১০/- (একষট্টি কোটি ছিয়াত্তর লক্ষ ছিয়াশি হাজার দশ টাকা মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমানকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩

**শিরোনাম** : **ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১৯,৯৪,৩৩,৭৫৫/- টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিমিটেড এর ২০০৯-১০ এবং ২০১০-২০১১ কর বর্ষের আয়করনথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১৯,৯৪,৩৩,৭৫৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৩(ক-খ) " এ প্রদত্ত হলো ।]

**অনিয়মের প্রকৃতি** :

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯/০৬/২০০৮ খ্রিঃ, (২) এসআরও নং-২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ১০/৬/২০১০ খ্রিঃ এবং (৩) স্মারক নং-৮(৬)মূসক বাস্তঃ সেবা ও আবঃ/২০০৮/২৮, তারিখ ০২/০৩/২০০৯খ্রিঃ অনুযায়ী "Technical assistance fees (টেকনিক্যাল নো হাউ) খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে করধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে।
- কিন্তু ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিমিটেড "Technical assistance fees (টেকনিক্যাল নো হাউ) খাতে দাবীকৃত খরচের উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী অননুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত বিধায় মোট আয়ের সাথে যোগ না করে আয়কর নিরূপন করায় দুই করবর্ষে আয়কর বাবদ সর্বমোট ১৯,৯৪,৩৩,৭৫৫/- টাকা কম ধার্য করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/৭/২০১৩ খ্রিঃ এর মাধ্যমে সর্বশেষ জবাবে জানানো হয় যে,

১। ২০০৯-২০১০ কর বর্ষের আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

২। করদাতার ২০১০-২০১১ কর বর্ষের ৮২ বিধি ধারায় দাখিলকৃত রির্টাণটি ৮২ বিবি(৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিষ্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিষ্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিষ্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়।

**নিরীক্ষা মন্তব্য** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী ২০০৯-২০১০ কর বর্ষের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ২০১০-২০১১ কর বর্ষের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ, ৮২ (বিবি) (৩) ধারায় ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৬৩(৩)(এফ) ধারার বিধান মর্তে অডিট করা হয়েছে। ৮২ (বিবি) ধারায় রিটার্ন দাখিলের পর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আয়কর এ্যাসেসমেন্টের কাজ সম্পাদিত বলে গণ্য হয়। সুতরাং ১৬৩(৩)(এফ) ধারায় অডিট দল কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিক থাকায় উত্থাপিত অডিট আপত্তির উপর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আপত্তিটির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় নিরূপন করে আয়কর রিটার্ন দাখিল করায় আয়কর কম প্রদান করা হয়েছে, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৯,৯৪,৩৩,৭৫৫/- ( টাকা উনিশ কোটি চুরানব্বই লক্ষ তেত্রিশ হাজার সাতশত পঞ্চান্ন মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৪

শিরোনাম ঃ বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লিঃ এর আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১০,৮৫,৭৮,০৫৫/- টাকা রাজস্ব ক্ষতি ।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লিঃ এর ২০০৯-১০ ও ২০১০-১১ কর বর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১০,৮৫,৭৮,০৫৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৪(ক-খ) " এ প্রদত্ত হলো।]

অনিয়মের প্রকৃতি ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক ,তারিখ ২৯/০৬/২০০৮ খ্রিঃ, (২) এসআরও নং-২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ১০/৬/২০১০ খ্রিঃ এর সেবা কোড এস-৩২.০০ এর ক্ষেত্রে "রয়েলটি এন্ড টেকনিক্যাল নো হাউ" খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে করধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে।
- দ্বিতীয়ত আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ই ধারা অনুযায়ী " Gross Revenue হতে ডিসকাউন্ট" বাবদ দাবীকৃত খরচের উপর ৭.৫% উৎসে আয়কর কর্তনযোগ্য ছিল।
- কিন্তু বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লিঃ "রয়েলটি এন্ড টেকনিক্যাল নো হাউ" এবং "Gross Revenue হতে ডিসকাউন্ট" খাতে দাবীকৃত খরচের উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী অননুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত বিধায় মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরুপন করায় দুই করবর্ষে আয়কর বাবদ সর্বমোট ১০,৮৫,৭৮,০৫৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ খ্রিঃ এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও দায়দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরুপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশ ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১০,৮৫,৭৮,০৫৫/- (টাকা দশ কোটি পঁচাশি লক্ষ আটাত্তর হাজার পঞ্চান্ন মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৫

**শিরোনাম** : **প্রাইম ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৫৯,২২,২৫,৩৮৪/- টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax ) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে প্রাইম ব্যাংক লিঃ এর ২০১০-১১ কর বর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, রির্টাণে প্রদর্শিত ব্যয় অননুমোদনযোগ্য হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৫৯,২২,২৫,৩৮৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৫ " এ প্রদত্ত হলো ।]

**অনিয়মের প্রকৃতি** : আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯,২৯(১),২৯(১)(xviiiaa) এর প্রথম প্রোভাইশো ,৩০(এ) লংঘনপূর্বক সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর বাবদ ৫৯,২২,২৫,৩৮৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- Recoveries of amounts previously written off আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯(১)(xviiiaa) এর প্রথম প্রোভাইশো অনুযায়ী উক্ত টাকা আয়ের সাথে যোগ করার বিধান থাকলেও তা করা হয়নি।
- Gratuity খাতে অতিরিক্ত প্রভিশন করা হয় এবং প্রাইম ব্যাংক ফাউন্ডেশন হেডে খরচ দাবী করা হয়। যা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯ ধারা অনুযায়ী অননুমোদনযোগ্য।
- মুলধনী আয় বিনিয়োগ ১ বৎসর বা ততোধিককাল শেয়ার হোডিং নয়, ব্যবসায়িক উদ্দেশ্যে দৈনিক শেয়ার ক্রয় বিক্রয় হতে মুনাফা ব্যবসায়িক আয়ের সাথে যোগ করা হয়নি ।
- General Provision বাবদ খরচ দাবী করা হয়। যাহা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯(১) ধারা মোতাবেক অনুমোদনযোগ্য নয়।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ খ্রিঃ এর মাধ্যমে সর্বশেষ জবাবে জানানো হয় যে, উল্লিখিত করদাতার ২০১০-২০১১ কর বর্ষের ৮২ বিবি ধারায় দাখিলকৃত রির্টাণটি ৮২ বিবি (৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিস্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিস্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিস্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়।

**নিরীক্ষা মন্তব্য** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩ খ্রিঃ তারিখের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ ৮২ (বিবি) (৩) ধারার কার্যক্রম গ্রহণের পূর্বেই অডিট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। তবে ৮২ (বিবি) (৩)/৮৩(২) ধারায় নিয়মিত কর নির্ধারণের সময় আপত্তিকৃত বিষয়টি বিবেচনায় নিয়ে কর নির্ধারণ করে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ করা হয়নি। উল্লেখ্য যে, নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৫৯,২২,২৫,৩৮৪/- (টাকা উনষাট কোটি বাইশ লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৬**

**শিরোনাম** : **সানোফি-এভেন্টিস্ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১৮,৮৯,৪০,৪১৫/- টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে সানোফি-এভেন্টিস্ বাংলাদেশ লিঃ এর ২০০৯-১০, ২০১০-১১ ও ২০১১-১২ করবর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ১৮,৮৯,৪০,৪১৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[ বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৬(ক-গ)" এ প্রদত্ত হলো। ]

**অনিয়মের প্রকৃতি** : আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০জে ধারা অনুযায়ী করদাতার হিসেবে প্রদর্শিত প্রকৃত মুনাফা (Net profit befor Tax) ১০ শতাংশের অতিরিক্ত উৎসাহ ভাতা অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও অতিরিক্ত দাবী করা হয়েছে।

- Gross Sales হতে ডিসক্যাউন্ট খরচ দাবী করা হয়েছে কিন্তু আয়কর অধাদেশ ১৯৮৪ এর ধারা ৫৩ই অনুযায়ী উৎসে আয়কর কর্তন করা হয়নি। উৎসাহ ভাতা অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও অতিরিক্ত দাবীকৃত ব্যয় আয়কর অধাদেশ ১৯৮৪ এর ৩০ (জে) ধারা অনুযায়ী আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ তিন কর বর্ষে সর্বমোট ১৮,৮৯,৪০,৪১৫/- টাকা কম ধার্য করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে,

(১) উল্লিখিত করদাতার ২০০৯-২০১০ কর বর্ষের আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

(২) করদাতার ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ কর বর্ষের ৮২ (বিবি) ধারায় দাখিলকৃত রির্টাণটি ৮২ বিবি(৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিষ্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিষ্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিষ্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়।

**নিরীক্ষা মন্তব্য** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী ২০০৯-২০১০ কর বর্ষের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ২০১০-২০১১ এবং ২০১১-১২ কর বর্ষের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ ৮২ বিবি (৩) ধারায় ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৬৩(৩)(এফ) ধারার বিধান মতে অডিট করা হয়েছে। ৮২ (বিবি) ধারায় রিটার্ন দাখিলের পর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আয়কর এ্যাসেসমেন্টের কাজ সম্পাদিত বলে গণ্য হয়। সুতরাং ১৬৩(৩)(এফ) ধারায় অডিট দল কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিক থাকায় উত্থাপিত অডিট আপত্তির উপর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আপত্তিটির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করে আয়কর রিটার্ন দাখিল করায় আয়কর কম প্রদান করা হয়েছে, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৮,৮৯,৪০,৪১৫/- ( টাকা আঠার কোটি উননব্বই লক্ষ চল্লিশ হাজার চারশত পনের মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কেঁ অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৭

**শিরোনাম** : **হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৭,০১,৫৭,৯৭০/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট - আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ এর ২০০৯-১০ সনের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৭,০১,৫৭,৯৭০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৭ " এ প্রদত্ত হলো।]

**অনিয়মের প্রকৃতি** :

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯/০৬/২০০৮ খ্রিঃ সেবা কোড এস-৩২.০০ এর ক্ষেত্রে " কনসালটেন্সি (টেকনিক্যাল নো হাউ)" খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে করধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে।
- ব্যাগ ক্রয়ের বিপরীতে মূসক বহি অনুসারে অতিরিক্ত দাবীকৃত খরচ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ ধারা ৫২ অনুযায়ী উৎসে আয়কর কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা করা হয়নি।
- কনসালটেন্সি (টেকনিক্যাল নো হাউ) খাতে উৎসে ভ্যাট কর্তন না করা এবং ব্যাগ ক্রয়ের দাবীকৃত খরচের উৎসে আয়কর কর্তন না করা ও ভ্যাট কম প্রদান করায় অননুমোদনযোগ্য খরচকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪এর ৩০(এএ) ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ ৭,০১,৫৭,৯৭০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, উল্লিখিত করদাতার আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও উক্ত কার্যক্রম শেষে দায় দায়িত্ব নির্ধারণপূর্বক হইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ এ কাছ থেকে আপত্তিকৃত টাকা সরকারি কোষগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৭,০১,৫৭,৯৭০/- (টাকা সাতকোটি একলক্ষ সাতান্ন হাজার নয়শত সত্তর মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৮

**শিরোনাম** ঃ **আর,এ,কে সিরামিক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৩০,৩১,১২,৯৭৯/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ** ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যলিয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে আর,এ,কে সিরামিক লিঃ এর ২০১০-১১ ও ২০১১-১২ কর বর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৩০,৩১,১২,৯৭৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৮(ক-খ) " এ প্রদত্ত হলো।]

**অনিয়মের প্রকৃতি** ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৭৯-আইন/২০০৯/৫৩২-মূসক, তারিখঃ ৩০/৬/২০০৯খ্রিঃ (২) এসআরও নং-২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখঃ ১০/৬/২০১০ খ্রিঃ সেবা কোড এস-৩২.০০ এর ক্ষেত্রে "Technical assistance fees (টেকনিক্যাল নো হাউ) খাতে ৪.৫% (প্রকৃত মূল্য সংযোজন হারের ভিত্তিতে করধার্যকরণ বিধিমালায় বর্ণিত নির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে) হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে। এছাড়া আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২ এ (২) ধারা অনুযায়ী উৎসে আয়কর কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন করা হয়নি। এসআরও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪-মূসক, তারিখ ৩০/৬/২০১০খ্রিঃ মোতাবেক রয়ালিটি গ্রহণকারীর নিকট হতে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ থাকা সত্ত্বেও তা কর্তন করা হয়নি।
- Performance rebates যা এজেন্ট কমিশন হিসেবে গণ্য, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ ই ধারায় আয়কর কর্তনযোগ্য। উল্লিখিত খাতে দাবীকৃত খরচের উৎসে আয়কর ও ভ্যাট কর্তন না করা অননুমোদনযোগ্য খরচ, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরুপন করায় আয়কর বাবদ ৩০,৩১,১২,৯৭৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, উল্লিখিত করদাতার ২০১০-২০১১ করবর্ষের ৮২বিবি ধারায় দাখিলকৃত রিটার্নটি ৮২বিবি(৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিস্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিস্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিস্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়।

**নিরীক্ষা মন্তব্য** ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮/৭/১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী ২০০৯-২০১০ কর বর্ষের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ২০১০-২০১১ কর বর্ষের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ ৮২ (বিবি) (৩) ধারায় ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৬৩(৩)(এফ) ধারার বিধান মতে অডিট করা হয়েছে। ৮২ (বিবি) ধারায় রিটার্ন দাখিলের পর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আয়কর এ্যাসেসমেন্টের কাজ সম্পাদিত বলে গণ্য হয়। সুতরাং ১৬৩(৩)(এফ) ধারায় অডিট দল কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিক থাকায় উত্থাপিত অডিট আপত্তির উপর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আপত্তিটির নিস্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭/৪/১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/৬/১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারী করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরুপন করে আয়কর রিটার্ন দাখিল করায় আয়কর কম প্রদান করা হয়েছে, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৩০,৩১,১২,৯৭৯/- (টাকা ত্রিশ কোটি একত্রিশ লক্ষ বার হাজার নয়শত উনআশি মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৯

শিরোনাম ঃ **নোভার্টিজ বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনদনযোগ্য না সত্ত্বেও উহা ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৩,০১,২৪,৫০৬/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে নোভার্টিজ বাংলাদেশ লিঃ এর ২০০৯-১০ কর বর্ষের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৩,০১,২৪,৫০৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৯(ক-গ)" এ প্রদত্ত হলো। ]

অনিয়মের প্রকৃতি ঃ

- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯ ধারায় প্রভিশনের কোন বিধান না থাকা সত্ত্বেও Provision for sales bonus for employees খাতে Provision করা হয়।
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ই ধারা অনুযায়ী Gross sales হতে " Discounts, rebate & returns " বাবদ দাবীকৃত খরচের উপর ৭.৫% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা করা হয়নি ভবিষ্যতে পরিশোধের আশায় Sales Bonus বাবদ সম্পূর্ন অর্থ প্রভিশনের কোন বিধান না থাকা সত্ত্বেও Provision বাবদ অনুমোদনযোগ্য নয় এ ধরনের প্রভিশন দাবী করা, উৎসে আয়কর ও ভ্যাট কর্তন ও সরকারি কোষাগারে জমা না করা সত্ত্বেও অননুমোদনযোগ্য খরচকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ ৩,০১,২৪,৫০৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮-০৭-২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে,

(১) উল্লিখিত করদাতার ২০০৯-২০১০ কর বর্ষের আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

(২) করদাতার ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ কর বর্ষের ৮২ (বিবি) ধারায় দাখিলকৃত রির্টাণটি ৮২ বিবি(৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিষ্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিষ্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিষ্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়।

নিরীক্ষা মন্তব্য ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী ২০০৯-২০১০ কর বর্ষের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ২০১০-২০১১ কর বর্ষের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ ৮২ বিবি (৩) ধারায় ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৬৩(৩)(এফ) ধারার বিধান মর্তে অডিট করা হয়েছে। ৮২ (বিবি) ধারায় রিটার্ন দাখিলের পর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আয়কর এ্যাসেসমেন্টের কাজ সম্পাদিত বলে গণ্য হয়। সুতরাং ১৬৩(৩)(এফ) ধারায় অডিট দল কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিক থাকায় উত্থাপিত অডিট আপত্তির উপর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আপত্তিটির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করে আয়কর রিটার্ন দাখিল করায় আয়কর কম প্রদান করা হয়েছে, যা আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশ ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৩,০১,২৪,৫০৬/- (টাকা তিন কোটি এক লক্ষ চব্বিশ হাজার পাঁচশত ছয় মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১০

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ২,৬৭,১৭,৯৩০/- টাকা রাজস্ব ক্ষতি। |
| বিবরণ | ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ এর ২০০৯-১০ সনের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ২,৬৭,১৭,৯৩০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ১০ " এ প্রদত্ত হলো।] |
| অনিয়মের প্রকৃতি | ঃ | Other Laibilities হেডে Provision for Bonus খাতে ভবিষ্যতে পরিশোধের আশায় প্রভিশন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯ অনুযায়ী এ ধরণের প্রভিশনের কোন বিধান রাখা হয়নি। কাজেই এধরনের অননুমোদন যোগ্য খরচকে আয়ের সাথে সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ ২,৬৭,১৭,৯৩০/- টাকা কম ধার্য করা হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮-০৭-২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, উল্লিখিত করদাতার আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও আইনানুগ ব্যবস্থা শেষে দায় দায়িত্ব নির্ধারণ পূর্বক মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ এর কাছ থেকে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ২,৬৭,১৭,৯৩০/- (টাকা দুইকোটি সাতষট্টি লক্ষ সতের হাজার নয়শত ত্রিশ মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং-১১

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | জেনারেল ইলেকট্রিকস ম্যানুঃ কোঃ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৪,৮৬,৫৮,৯৮১/- টাকা রাজস্ব ক্ষতি । |
| বিবরণ | ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে জেনারেল ইলেকট্রিকস ম্যানুঃ কোঃ লিঃ এর ২০১০-১১ও ২০১১-১২ সনের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধরিণ করায় আয়কর বাবদ ৪,৮৬,৫৮,৯৮১/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১১" এ প্রদত্ত হলো। ] |
| অনিয়মের প্রকৃতি | ঃ | ▪ Leave pay Gratuity খাতে প্রকৃত পরিশোধ অপেক্ষা ভবিষ্যত পরিশোধের আশায় অতিরিক্ত প্রভিশন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯ অনুযায়ী এ ধরণের প্রভিশনের কোন বিধান রাখা হয়নি।<br>▪ কোম্পানীর ক্ষতি হওয়া সত্ত্বেও ইনসেনটিভ বোনাস খাতে দাবীকৃত খরচ ২৯ ধারা উপেক্ষা করে প্রভিশন রাখা হয়। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯ ধারা এবং ৩০ (জ) ধারায় দাবীকৃত খরচ অননুমোদনযোগ্য। কিন্তু এরূপ অননুমোদন যোগ্য খরচকে আয়ের সাথে সাথে যোগ না করে মোট আয় নিরুপন করায় আয়কর বাবদ ৪,৮৬,৫৮,৯৮১/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮/০৭/২০১৩ইং এর মাধ্যমে সর্বশেষ জবাবে জানানো হয় যে,<br>(১) করদাতার ২০১০-২০১১ কর বর্ষের আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।<br>(২) করদাতার ২০১১-২০১২ কর বর্ষের ৮২ (বিবি) ধারায় দাখিলকৃত রির্টাণটি ৮২ (বিবি) (৩) ধারায় জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত এবং অডিট কার্যক্রম প্রক্রিয়াধীন। মামলা নিষ্পত্তিকালে সাধারণভাবে আপত্তিতে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করেই মামলা নিষ্পত্তি করা হয়ে থাকে। সুতরাং মামলা নিষ্পত্তির পূর্বেই ঐ মামলার বিষয়ে অডিট আপত্তি উত্থাপনযোগ্য নয়। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী ২০০৯-২০১০ কর বর্ষের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ২০১১-২০১২ কর বর্ষের জবাব গ্রহণযোগ্য হয়নি। কারণ ৮২ (বিবি) (৩) ধারায় ভেরিফিকেশন অডিটের জন্য নির্বাচিত হওয়ার পূর্বেই আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৬৩(৩)(এফ) ধারার বিধান মর্তে অডিট করা হয়েছে। ৮২ (বিবি) ধারায় রিটার্ন দাখিলের পর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আয়কর এ্যাসেসমেন্টের কাজ সম্পাদিত বলে গণ্য হয়। সুতরাং ১৬৩(৩)(এফ) ধারায় অডিট দল কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিক থাকায় উত্থাপিত অডিট আপত্তির উপর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আপত্তিটির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩ খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরুপন করে আয়কর রিটার্ন দাখিল করায় আয়কর কম প্রদান.করা হয়েছে, যা আদায়যোগ্য। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | দায়-দায়িত্ব নির্ধরিণপূর্বক আপত্তিকৃত ৪,৮৬,৫৮,৯৮১/- (টাকা চার কোটি ছিয়াশি লক্ষ আটান্ন হাজার নয়শত একাশি মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং-১২

শিরোনাম ঃ **নেস্‌লে বাংলাদেশ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৫,০৮,৮২,৭৬৪/-টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে নেস্‌লে বাংলাদেশ লিঃ এর ২০১০-১১ সনের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৫,০৮,৮২,৭৬৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ১২ " এ প্রদত্ত হলো ।]

অনিয়মের প্রকৃতি ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯-০৬-২০০৮ এবং এসআরও নং-১১৪-আইন/২০০৯/৫২২-মূসক, তারিখঃ ১১-৬-২০০৯ এর সেবা কোড এস-৩২.০০ এ রয়্যালিটি বা কারিগরি সেবার বিপরীতে রয়্যালিটি বা ফি গ্রহণকারীর নিকট হতে ৪.৫% হারে উৎসে ভ্যাট কর্তনের নির্দেশ রয়েছে, কিন্তু এক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তন করা হয়নি।
- Gift refreshment এর বিপরীতে খরচ দাবী করা হয়, যাহা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৯ ধারা অনুযায়ী অনুমোদনযোগ্য নয়।
- কাজেই উল্লেখিত খরচসমূহ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোট আয়ের সাথে যোগ করা যোগ্য। কিন্তু এক্ষেত্রে এরূপ অননুমোদনযোগ্য খরচকে আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ ৫,০৮,৮২,৭৬৪/- টাকা কম ধার্য করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮-০৭-২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, করদাতার আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও দায় দায়িত্ব নির্ধারণ পূর্বক নেস্‌লে বাংলাদেশ লিঃ এর কাছ থেকে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশ ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৫,০৮,৮২,৭৬৪/- (টাকা পাঁচ কোটি আটলক্ষ বিরাশি হাজার সাতশত চৌষট্টি মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৩

**শিরোনাম** ঃ অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ২,২৪,০৮,৭১৯/- টাকা রাজস্ব ক্ষতি ।

**বিবরণ** ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের অডিটকালে অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিঃ এর ২০১০-১১ এবং ২০১১-১২ কর বর্ষে আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রির্টাণে প্রদর্শিত ব্যয় অনুমোদনযোগ্য না হওয়া সত্ত্বেও ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ২,২৪,০৮,৭১৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '' ১৩" (ক-খ)এ প্রদত্ত হলো ।]

**অনিয়মের প্রকৃতি** ঃ Transportation & carriage খাতে দাবীকৃত খরচের বিপরীতে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২ ধারা অনুযায়ী উৎসে আয়কর এবং জাতীয় রাজস্ব বোর্ডের (১) এসআরও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯-মূসক, তারিখ ২৯-০৬-২০০৮খ্রিঃ ও (২) এসআরও নং-২০০-আইন/২০১০/৫৪৯-মূসক, তারিখ ১০-০৬-২০১০খ্রিঃ সেবা কোড এস ৪৮.০০ মোতাবেক ৪.৫% হারে " পরিবহন ঠিকাদার" হতে উৎসে ভ্যাট কর্তনযোগ্য। কিন্তু এক্ষেত্রে নিদিষ্ট হার অপেক্ষা কম কর্তন করায় আনুপাতিক হারে খরচ অননুমোদনযোগ ছিল। কাজেই অননুমোদনযোগ্য খরচ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় দুই করবর্ষে সর্বমোট আয়কর বাবদ ২,২৪,০৮,৭১৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮-০৭-২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, করদাতার আপত্তি নিস্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিস্পত্তি করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিস্পত্তি করা হবে বলে জানালেও উক্ত কার্যক্রম শেষে অলিম্পিক ইন্ডাস্ট্রিজ লিঃ এর কাছ থেকে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে কিনা এ বিষয়ক অদ্যাবদি পর্যন্ত কোন নিস্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিস্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ** ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ২,২৪,০৮,৭১৯/- (টাকা দুইকোটি চব্বিশ লক্ষ আট হাজার সাতশত উনিশ মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৪

শিরোনাম ঃ প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয় উৎসে ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৮৮,৯৬,৯০০/- টাকা রাজস্ব ক্ষতি ।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কর কমিশনার , বৃহৎ করদাতা ইউনিট-আয়কর (LTU Tax) কার্যালয়, ঢাকা এর ২০০৯-১০ হতে ২০১১-১২ সনের হিসাব অডিটকালে প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ এর ২০১০-১১ সনের আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয় উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও উহা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৮৮,৯৬,৯০০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

[ বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট “১৪ ” এ প্রদত্ত হলো ।]

অনিয়মের প্রকৃতি ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের(১) এসআরও নং-১০৫-আইন/২০০৯/৫১৩-মূসক তারিখ ১১-০৬-০৯ সেবা কোড এস ০৩৩.০০ অনুযায়ী ইজারাদারের বিপরীতে ১৫% হারে উৎসে ভ্যাট কর্তন করার নির্দেশ রয়েছে। Site Rental এবং সার্কিট/ এন্টিনা ভাড়া বাবদ দাবীকৃত খরচ যা “ইজারাদার” অর্থাৎ পণ্যের বিনিময়ে স্থান-স্থাপনা, যন্ত্রপাতি বাণিজ্যিকভাবে ব্যবহার করার অধিকারী প্রতিষ্ঠান হিসাবে গণ্য।
- এক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তন না করায় Rental এবং সার্কিট/ এন্টিনা ভাড়া বাবদ দাবীকৃত অননুমোদনযোগ্য খরচকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরুপন করায় আয়কর বাবদ ৮৮,৯৬,৯০০/- টাকা কম ধার্য করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৪২.০১.০০৫.০৭-৪৩৭, তারিখ- ১৮-০৭-২০১৩ইং এর সর্বশেষ জবাবে জানানো হয় যে, করদাতার আপত্তি নিষ্পত্তিকরণের লক্ষ্যে ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আইনানুগভাবে আপত্তি নিষ্পত্তি করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সর্বশেষ ১৮-৭-১৩খ্রিঃ তারিখের জবাব অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করে আপত্তি নিষ্পত্তি করা হবে বলে জানালেও অদ্যাবদি পর্যন্ত কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য ১৭-৪-১৩খ্রিঃ তারিখে তাগিদপত্র ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১-৬-১৩খ্রিঃ তারিখে সচিব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা হয়েছিল। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারার ব্যত্যয় ঘটিয়ে মোট আয় কম নিরুপন করায় আয়কর কম ধার্য্য করা হয়, যা আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশ ঃ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৮৮,৯৬,৯০০/- (টাকা আটাশি লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত মাত্র) আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা আবশ্যক।

(মোঃ জাকির হোসেন খোন্দকার)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

বাঃসঃমুঃ-২০১৬/২০১৭-৪২৩৯কম/এ—৭৫০ বই, ২০১৬।